EB. 20 2001

# লাইব্রেরী সায়েন্স ॥ সেবা ও জীবিকা সুযোগ দুয়েরই



মানুষের জ্ঞানপিপাসা মেটানোর জন্য এখনও লাইব্রেরীর কোন বিকল্প নেই। কোন লাইব্রেরী থেকে সঠিক বইটি সঠিক সময়ে উপযুক্ত ব্যক্তির হাতে যিনি তুলে দেন বা দিতে পারেন তিনিই একজন দক্ষ লাইব্রেরিয়ান।

**কেন হবেন লাইব্রেরিয়ান**

প্রচলিত অর্থে লাইব্রেরিয়ান বলতে আমাদের কল্পনায় সাধারণত মাঝবয়সী কাঁচা-পাকা চুলের অধিকারী, চোখে চশমা এমন একজনের ছবি ভেসে আসে। কিন্তু ব্যাপারটা কি আসলেই তাই? মোটেই নয়। পেশা হিসাবে এখানে

আরিফ হাসান

যেমন আছে সম্মান তেমনি রয়েছে নিত্যনতুন বইয়ের মাঝ থেকে নিজের জ্ঞানের পরিধি বাড়িয়ে নেয়ার সুযোগ। আছে আর্থিক সচ্ছলতার নিশ্চয়তাও।

**কারা লাইব্রেরিয়ান হতে পারেন**

একজন লাইব্রেরিয়ানের অভিধানে 'সরি', 'জানি না'— এ ধরনের কোন শব্দ নেই। লাইব্রেরিয়ানের পেশাগত মূলমন্ত্রই হলো পুস্তকপিপাসুর তৃষ্ণা তিনি যে কোনভাবে নিবৃত্ত করবেন। সুতরাং এই পেশায় আসতে হলে আপনার অবশ্যই ধৈর্য, নতুন তথ্য সংগ্রহের প্রতি আগ্রহ থাকতে হবে।

**কোথায় করবেন লাইব্রেরী কোর্স**

শাহবাগস্থ বেগম সুফিয়া কামাল পাবলিক লাইব্রেরীর (সাবেক কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী) মূল ভবনের নিচতলায় রয়েছে বাংলাদেশ গ্রন্থাগার সমিতির লাইব্রেরী ট্রেনিং ইনস্টিটিউট। দক্ষ লাইব্রেরিয়ান তৈরির ব্রত নিয়েই এই ইনস্টিটিউটের পথচলা শুরু। এই ইনস্টিটিউটের লাইব্রেরী প্রশিক্ষণ কোর্সটি পরিচালনা করছে 'ল্যাব'। অর্থাৎ লাইব্রেরী এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ।

**কি ধরনের কোর্স করানো হয়**

এই ইনস্টিটিউটে লাইব্রেরী প্রশিক্ষণের ওপর দু'টি কোর্স করানো হয়। একটি সার্টিফিকেট কোর্স এবং অন্যটি হচ্ছে ডিপ্লোমা কোর্স।

**সার্টিফিকেট কোর্স**

আপনি যদি এই কোর্সটি করতে চান তাহলে আপনাকে অবশ্যই এইচএসসি অথবা 'ও' লেভেল সম্পন্ন করতে হবে। কোর্সটির মেয়াদ ছয় মাস। এই কোর্সটির জন্য আবার দু'টি সেশন রয়েছে। প্রথম সেশনটি শুরু হয় জানুয়ারি মাসে এবং শেষ হয় জুন মাসে। দ্বিতীয় সেশনটি শুরু হয় জুলাই মাসে এবং শেষ হয় ডিসেম্বর মাসে। এই কোর্সের ছাত্রছাত্রীদের সঠিক প্রশিক্ষণের লক্ষ্যে 'এ' এবং

ক্লাসের আলাদা সময়সূচী রয়েছে, তা হচ্ছে ঃ

'এ' গ্রুপের জন্য ক্লাস শুরু হয় ৩-৩০ মিনিটে এবং শেষ হয় ৪-৩০ মিনিটে। 'বি' গ্রুপের জন্য ক্লাস শুরু হয় ৪-৩০ মিনিটে এবং শেষ হয় ৫-৩০ মিনিটে। এই কোর্সের ক্লাস সপ্তাহের প্রতিদিনই চলে। আপনারা যাঁরা এই কোর্সটি করতে চান তাঁরা ঢাকা ছাড়াও চট্টগ্রাম, ময়মনসিংহ, খুলনা, রাজশাহী এবং টাঙ্গাইলে অবস্থিত পাবলিক লাইব্রেরী থেকেও করতে পারেন। এ ছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয় (এইচএসসি পাসের পর), ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরী এবং ব্যান্সডককেও কোর্সটি করতে পারেন। এই কোর্সের ভর্তি খরচ ২১৬০ টাকা।

**ডিপ্লোমা কোর্স**

আপনি যদি এই কোর্সটি করতে চান, তাহলে আপনাকে যে কোন বিষয়ে গ্র্যাজুয়েশন থাকতে হবে। এই কোর্সটির মেয়াদ এক বছর। সেশন শুরু হয় জুলাই মাসে এবং শেষ হয় পরবর্তী বছরের জুন মাসে। এই কোর্সে ছাত্রছাত্রীর সংখ্যা বেশি হওয়ায় তাদের সঠিক শিক্ষাদানের লক্ষ্যে 'এ', 'বি', 'সি' এবং 'ডি' এই চারটি গ্রুপে ভাগ করা হয়। প্রতিটি গ্রুপের জন্য রয়েছে আলাদা ক্লাস সময়সূচী, তা হচ্ছে ঃ

গ্রুপের জন্য ২-৩০ মিনিট থেকে ৩-৩০ মিনিট, 'সি' গ্রু
জন্য ৩-৩০ মিনিট থেকে ৪-৩০ মিনিট এবং 'ডি' গ্রুপের
৪-৩০ মিনিট থেকে ৫-৩০ মিনিট পর্যন্ত। ক্লাস চলে সপ্তা
প্রতিদিনই। এই কোর্সটি ঢাকা ছাড়াও চট্টগ্রাম, নরসি
সিরাজগঞ্জ, ময়মনসিংহ এবং খুলনায় অবস্থিত পাবলিক লাই
থেকেও করতে পারেন। এই কোর্সের ভর্তি খরচ ঃ ভর্তি কা
ফী ৪১৬০ টাকা এবং প্রতিমাসে টিউশন ফী ২০০ টাকা।

**লাইব্রেরী কোর্সের সুযোগ-সুবিধা**

বাংলাদেশের প্রতিটি জেলায় গণগ্রন্থাগারের একটি করে
আছে, যেটি জেলা সরকারী লাইব্রেরী নামে পরিচি
এখানে আপনারা সুযোগ পেতে পারেন। প্রতি জেলায়
অফিসে লাইব্রেরিয়ানের পদ আছে। গ্রন্থকেন্দ্রের সহায়
প্রতি থানায় আছে একটি করে প্রাইভেট লাইব্রেরী, যে
লাইব্রেরিয়ানদের চাকরির সুযোগ আছে। বাংলাদে
প্রতিটি স্কুল, কলেজ, মাদ্রাসা এবং বিশ্ববিদ্যা
লাইব্রেরিয়ানের পদ আছে। সেনানিবাসগুলোর লাইব্রে
সিজিও পদে ঢোকারও সুযোগ আছে। এ ছা
বাংলাদেশের সকল হাসপাতাল, জেলা কারাগার এবং বি
দেশের দূতাবাস ও কালচার সেন্টারে লাইব্রেরিয়ান হি
ঢোকার যথেষ্ট সুযোগ রয়েছে।